



পিআইবি'র ইনোভেশন টিম এর ০৪.০৪.২০১৯ তারিখ সকাল ১০.০০ টায় অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

পিআইবি'র ইনোভেশন টিম এর একটি সভা ০৪.০৪.২০১৯ তারিখ সকাল ১০.০০ টায় ইনোভেশন অফিসার ও পরিচালক (প্রশাসন) জনাব মো. ইলিয়াস ভূইয়া-এর সভাপতিত্বে তার অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দ নিম্নরূপঃ

ক্র.নং	নাম ও পদবী	কমিটির পদবী
১.	মোহাম্মদ আব্দুল মান্নান, প্রশিক্ষক	সদস্য
২.	ড. কামরুল হক, রিসার্চ অফিসার	সদস্য
৩.	মো. জাকির হোসেন, উপ-পরিচালক (প্রশাসন), চলতি দায়িত্ব	সদস্য
৪.	মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, অতিরিক্ত দায়িত্ব	সদস্য
৫.	মো. নাসিমুল আহসান, সহকারী প্রশিক্ষক	আমন্ত্রিত

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

কমিটির সদস্য জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা জানান, পিআইবি'র উদ্ভাবন কর্মপরিকল্পনার ক্রম নং ৬.১ অনুযায়ী আগামী ০৯ এপ্রিল ২০১৯ খ্রি. তারিখে তথ্য মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে বাংলাদেশ বেতার ইনোভেশন শোকেসিং-এর আয়োজন করবে। মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী এবং উপ-পরিচালক (প্রশাসন) মহোদয়ের সঙ্গে আলোচনা অনুযায়ী ইতিমধ্যে ইনোভেশন শোকেসিং-এ প্রদর্শনযোগ্য কার্যক্রম হিসেবে “অনলাইন সার্টিফিকেট কোর্স অন জার্নালিজম” নির্ধারণ করা হয়েছে এবং ইনোভেশন শোকেসিং-এ অংশগ্রহণের জন্য দুইজন কর্মকর্তাকে (জনাব নাসিমুল আহসান, সহকারী প্রশিক্ষক ও মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, অতিরিক্ত দায়িত্ব) মনোনয়ন দেয়া হয়েছে। তথ্য মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে বাংলাদেশ বেতার ইনোভেশন শোকেসিং-এ অংশগ্রহণের জন্য ইনোভেশন টিমের বাইরে জনাব নাসিমুল আহসান, সহকারী প্রশিক্ষক মনোনয়ন দেয়া হয়েছে। সে অনুযায়ী তার মতামত শেয়ার করার জন্য ইনোভেশন টিমের সভায় আমন্ত্রণ জানানো হয়।

ইনোভেশন শোকেসিং-এ পিআইবি'র অংশগ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনায় সকল সদস্য অংশগ্রহণ করেন এবং উক্ত শোকেসিং-এ প্রদর্শনযোগ্য কার্যক্রম হিসেবে “অনলাইন সার্টিফিকেট কোর্স অন জার্নালিজম” নির্ধারণ করা হলে ও প্রয়োজনে পিআইবি'র ইনোভেশন সংক্রান্ত অন্যান্য বিষয়াদি যাতে সঠিকভাবে উপস্থাপন করা যায় সে অনুযায়ী সংশ্লিষ্টদের প্রস্তুতি রাখার অনুরোধ জানানো হয়।

পিআইবি'র মোবাইল অ্যাপ্লিকেশন তৈরির বিষয়ে আইসিটি বিভাগে প্রয়োজনীয় তথ্যাদি জমা দেয়া হয়েছে। কিন্তু উক্ত কাজটিতে দীর্ঘ সময় পার হলে ও এখন পর্যন্ত কোন কার্যক্রম লক্ষণীয় নয়। এমতাবস্থায়, পিআইবি'র মোবাইল অ্যাপস তৈরির বিষয়ে অগ্রগতি জানতে আইসিটি বিভাগে পত্র দেয়া যেতে পারে।

কর্মপরিকল্পনার ক্রম নং ১৬.১.১, ১৬.২.১ অনুযায়ী গত ১৪.০১.২০১৯ তারিখে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়া ইতিপূর্বে কর্মপরিকল্পনার ক্রম নং ১.১.১, ১.১.২, ১.৩.১ অনুযায়ী নির্ধারিত সময়ে পিআইবি'র উদ্ভাবন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ প্রণয়ন করা হয়েছে ও তা মন্ত্রীপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে এবং তথ্য বাতায়নে প্রকাশ করা হয়েছে।

পরিশেষে নির্ধারিত সময়ের মধ্যে উদ্ভাবন কার্যক্রম সম্পাদনের জন্য ইনোভেশন অফিসার সকলের সহযোগিতা কামনা করেন এবং আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: ইলিয়াস ভূইয়া)

ইনোভেশন অফিসার

ও

পরিচালক (প্রশাসন)